

Easyhaler® কিভাবে ব্যবহার করবেন


Bengali

ORION
PHARMA

MARCH 2021/EASYH-413d(1)

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে ইজিহেলার লিফলেট পড়ুন। যদি আপনার আরো কোনো সহায়তার প্রয়োজন হয়, তাহলে পরামর্শের জন্য অনুগ্রহ করে আপনার স্বাস্থ্যসেবা কর্মীকে সাথে জিজ্ঞাসা করুন।


১



মাউথপিস থেকে ডাস্ট ক্যাপ সরিয়ে নিন

২


ঝাঁকুনি দিন



ইজিহেলারটি ৩ থেকে ৫ বার খুব জোরে ঝাঁকুনি দিন

৩


চাপ দিন



- ইনহেলারটি সোজা করে ধরে রাখুন
- বেস এবং উপরে আপনার তর্জনীর মাঝখানে দৃঢ়ভাবে চেপে ধরুন, যতক্ষণ না আপনি একটি ক্লিক শুনতে পাবেন
- তারপর এটিকে মূল অবস্থানে ফিরে নিয়ে আসতে আবার চাপ দিন

৪

শ্বাস নেওয়া



- স্বাভাবিকভাবে নিঃশ্বাস ত্যাগ করুন (তবে ইজিহেলারের মধ্যে নয়)
- আপনার দাঁতের মাঝে মাউথপিসটি রাখুন এবং এটির চারপাশে আপনার ঠোঁট দ্বারা শক্ত করে বন্ধ করুন
- যতটা সম্ভব শক্তিশালী এবং গভীরভাবে নিঃশ্বাস নিন
- ইনহেলারটি সরিয়ে নিন এবং ৫ সেকেন্ডের জন্য আপনার শ্বাস ধরে রাখুন (সকল ইজিহেলারের ক্ষেত্রে এরকম করার প্রয়োজন হয় না - অনুগ্রহ করে প্যাকেটে উল্লেখিত তথ্য দেখুন)

যদি আপনাকে প্রতিবার একের অধিক ডোজ গ্রহণের জন্য পরামর্শ দেওয়া হয় তাহলে ২ থেকে ৪ নং ধাপ আবার করুন। সবশেষে মাউথপিসের উপরের সুরক্ষা ক্যাপটি বদলে নিন।


সমস্যা সমাধান

যদি...

- আপনি ভুলবশত ইজিহেলারটি লোড করেছেন
- আপনি ইজিহেলারে একের অধিক বার চাপ দিয়েছেন
- আপনি ইনহেলারে ফুঁ দিয়েছেন

তারপরে...

- ইজিহেলারের মাউথপিসটি কোনো টেবিল বা আপনার হাতের উপর ট্যাপ করুন



নিঃশ্বাসের সাথে গ্রহণ করতে হয় এমন কার্টিকোটেরয়েডের (প্রতিরোধক) ডোজ গ্রহণ করার পর


ছত্রাকজনিত সংক্রমণের ঝুঁকি হ্রাস করতে আপনার মুখ এবং গলা পানি দিয়ে ধুয়ে নিন এবং থুথু ফেলে দিন, গিলে ফেলবেন না।

যদি আপনি একটি প্রতিরক্ষামূলক কভার ব্যবহার করেন

ইজিহেলারকে আর্দ্রতা থেকে রক্ষা করার জন্য একটি প্রতিরক্ষামূলক কভারে রাখা যেতে পারে।

ইজিহেলারকে প্রতিরক্ষামূলক কভারে রেখে কভারটি খুলুন এবং অপর পৃষ্ঠায় উল্লিখিত ১ থেকে ৪ নং ধাপগুলি অনুসরণ করুন, তারপরে কভারটি বন্ধ করুন।


আপনার ইজিহেলারের সুরক্ষামূলক কভারের জন্য অনুগ্রহ করে আমাদের মেডিকেল ইনফরমেশন টিমকে 01635 520300 নম্বরে কল করুন।



কাউন্টার

আপনার ইনহেলারে কয়টি ডোজ বাকি রয়েছে তা দেখানোর জন্য ইজিহেলারে একটি কাউন্টার রয়েছে।

- প্রত্যেক ৫টি একক ডোজের পর কাউন্টারে পরিবর্তন আসবে
- যখন নম্বরগুলি লাল রঙের হবে, তার মানে আর মাত্র ২০টি ডোজ বাকি আছে, এর অর্থ হচ্ছে তখন আপনাকে একটি নতুন ইজিহেলারের জন্য একটি নতুন প্রেসক্রিপশনের অনুরোধ করতে হবে।
- যখন কাউন্টারটি ০-তে চলে আসবে, তখন একটি নতুন ইজিহেলার ব্যবহার করুন, এই খালি ইনহেলারের মধ্যে কিছু অল্প পরিমাণের গুঁড়া অবশিষ্ট থাকবে, যা ব্যবহার করা উচিত নয়।



ইজিহেলার গ্রহণের নির্দেশিকা ভিডিও

আপনার ডিভাইস কিভাবে ব্যবহার করবেন তা নিয়ে একটি ভিডিও দেখতে হলে আপনি ইজিহেলার কার্টন, প্যাকেজের লিফলেট অথবা ইনহেলারের লেবেলের কিউআর কোড স্ক্যান করতে পারেন বা ওয়েব অ্যাড্রেসে ভিজিট করতে পারেন।

কিউআর কোড অথবা ওয়েব অ্যাড্রেসবিহীন ইজিহেলার প্যাকেজের ক্ষেত্রে ভিডিও দেখতে হলে, www.oeh.fi/uk দেখুন।

আপনার ইজিহেলারটি কখন বদলানো উচিত

মেয়াদ শেষ হওয়ার তারিখটি প্যাকেজে মুদ্রিত রয়েছে এই সময়ের পরে আপনার ইজিহেলার ব্যবহার করবেন না।

একবার ফয়েল পাউচটি খোলার পরে আপনি আপনার ডিভাইসটি কতদিন ব্যবহার করতে পারবেন তা প্যাকেজ লিফলেটে উল্লেখ করা রয়েছে। আপনার মনে রাখার সুবিধার্থে যেদিন পাউচটি খুলবেন সেই তারিখটি লিখে রাখুন।

পরিষ্কার করা

পরিষ্কার শুকনো কাপড় বা টিস্যু দিয়ে সগুহে অন্তত একবার মাউথপিস বা মুখের নলটি পরিষ্কার করুন।

পানি বা অন্য কোনো তরল পদার্থ ব্যবহার করবেন না।



পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে জানানো

যদি আপনি কোনো পার্শ্ব-প্রতিক্রিয়া অনুভব করেন, তাহলে আপনার ডাক্তার, ফার্মাসিস্ট বা নার্সকে জানান। এই পার্শ্ব-প্রতিক্রিয়াগুলোর মধ্যে প্যাকেজের লিফলেটে উল্লিখিত নয় সেগুলোসহ সম্ভাব্য সকল পার্শ্ব-প্রতিক্রিয়া রয়েছে। ইয়েলো কার্ড স্ক্রীমের ওয়েবসাইট www.mhra.gov.uk/yellowcard - এ গিয়েও সরাসরি আপনি আপনার পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে জানাতে পারবেন।

পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে জানিয়ে, আপনি ওষুধের সুরক্ষা সম্পর্কে আরো তথ্য প্রদান করে সহায়তা করতে পারেন।

Orion Pharma (UK) Ltd,
Abbey Gardens,
4 Abbey Street,
Reading, RG1 3BA, UK

